

তুষার রায়

রাজাকারের দিন শেষ

বিস্মিত হই দেখে রাজাকার-আলবদরে,
তিন যুগ বেঁচে আছে আদরে ও কদরে।
নেতা ও নেত্রীরা নিয়ে স্ব-পক্ষে,
রাজনীতি করছেন গলাগলি সখে।

কতজন এল গেল ক্ষমতার আসনে,
কত কথা বলে গেল বক্তৃতা-ভাষণে।
জনগণ দিন গোণে আশায় বেঁধে বুক,
একে একে কেটে যায় দীর্ঘ তিন যুগ।

জনগণ রেখেছিল আদালতে শ্রদ্ধা,
শুনেছিল, যা বলে জ্ঞানী ও বোদ্ধা।
তবে, রায়ের ব্যাখ্যায় আইন যেন করে মাপ -
লাঠিখানা ভাঙবে না, তবু যেন মরে সাপ।

তাই, সবকিছু দেখে শুনে শাহবাগ চত্বর,
হুঙ্কার দিয়ে বলে 'ফাঁসি চাই সত্ত্বর'।
অপেক্ষার দিন শেষ, দাবী শুধু একটাই,
'সব যুদ্ধাপরাধীদের এই বাংলায় ফাঁসি চাই'।

তারুণ্য জেগেছে আজ শহরে-গ্রামে-গঞ্জে,
প্রবাসীরা সম্মিলিত বিবেকের মুক্তমঞ্চে।
জেগেছে আবার সেই বাংলার জনতা,
দেখবে এইবার - কী তার ক্ষমতা!

চেয়ে দেখ শাহবাগে ফুঁসছে বাংলাদেশ,
হবেই হবে এবার, রাজাকারের দিন শেষ।

ক্যানবেরা, ১০ ফেব্রুয়ারি ২০১৩
tushar88@bigpond.com